গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৬৭

**নগরীতে ১ লাখ ৩৫ হাজার শিশু পাবে বিনমূল্যে টাইফয়েড টিকা**

রাজশাহী; ৩০ ভাদ্র (১৪ সেপ্টেম্বর):

টাইফয়েড জ্বর থেকে শিশুকে সুরক্ষিত রাখতে সরকারের ইপিআই কর্মসূচির আওতায় আগামী ১২ অক্টোবর থেকে দেশব্যাপী টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ কর্মসূচি পালিত হবে। জাতীয় কর্মসূচির অংশ হিসেবে রাজশাহী মহানগরীতে আগামী ১২ অক্টোবর হতে ৩০ অক্টোবর পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ও কমিউনিটি পর্যায়ে ১ নভেম্বর হতে ১৩ নভেম্বর পর্যন্ত এ কার্যক্রম বাস্তবায়ন করবে রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক)। এ ক্যাম্পেইনের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান ও কমিউনিটি পর্যায়ে ১ লাখ ৩৫ হাজার ১২৭ জন শিশুকে টাইফয়েড টিকা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

জাতীয় টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন সফল করতে আজ রোববার (১৪ সেপ্টেম্বর) দুপুরে রাসিকের উদ্যোগে নগরভবনের সিটি হল সভাকক্ষে এক অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল করিম।

সভায় জানানো হয়, নগরীর ২৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানে এবং কমিউনিটি পর্যায়ে ২৪০টি কেন্দ্রে এ ক্যাম্পেইন পরিচালিত হবে। ক্যাম্পেইনের আওতায় ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সি সকল শিশু এবং প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণি বা সমমান পর্যন্ত সকল শিক্ষার্থীকে বিনামূল্যে ১ ডোজ টাইফয়েড টিকা প্রদান করা হবে। এই টিকা পেতে জন্ম নিবন্ধন সনদের তথ্য (১৭ ডিজিট) দিয়ে ািি.াধীবঢ়র.মড়া.নফ ওয়েব সাইটে নিবন্ধন করতে হবে।

সভায় সভাপতির বক্তব্যে প্রধান নির্বাহী কর্মকর্তা জাতীয় টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন সফল করতে সকলের সহযোগিতা কামনা করেন। অন্যান্য বক্তাগণ এই ক্যাম্পেইনের প্রয়োজনীয়তা সম্পর্কে পরিবার ও প্রতিবেশীদের অবহিতকরণের ওপর গুরুত্বারোপ করেন এবং নির্দিষ্ট দিনে টিকা নিতে টিকাদান কেন্দ্রে আসতে উদ্বুদ্ধ করাতে সকলের প্রতি আহ্বান জানান।

স্বাস্থ্যের বিভাগীয় পরিচালক ডা. মো. হাবিবুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মোঃ আব্দুর রাজ্জাক, মাধ্যমিক ও উচ্চশিক্ষার উপপরিচালক মো. আব্দুর রশিদ, প্রাথমিক শিক্ষার উপপরিচালক মো. সানাউল্লাহ, বিশ্বস্বাস্থ্য সংস্থার বিভাগীয় সমন্বয়কারী ডা. মো. কামরুজ্জামান, ইউনিসেফের জাতীয় ইপিআই স্পেশালিস্ট ডা. রেজাউর রহমান মিল্টনসহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকগণ, রাসিকের বিভাগীয় প্রধানগণ ও সকল ওয়ার্ডের সচিবগণ অ্যাডভোকেসি সভায় উপস্থিত ছিলেন।

সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উক্ত কার্যক্রমের বিস্তারিত তথ্য উপস্থাপন করেন রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা.এফএএম আঞ্জুমান আরা বেগম।

.......................................................................

আলীম/তৌহিদ/স্মিতা/রুহুল/২০২৫/১৭:৫০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd